

জেলা প্রাণিসম্পদ দপ্তর, হবিগঞ্জ-এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির (৪র্থ কোয়ার্টার) সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ।

সভার স্থান : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিসকক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১২/০৬/২০২৩, সকাল ১০-০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-“ক”।

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সকলকে কার্যকর ভূমিকা রাখার জন্য অনুরোধ জানানো হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও তাহা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর সচেতনতা, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান, অগ্রগতি প্রতিবেদন প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা	২০২২-২০২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় তাহা অনুমোদন করা হয়।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
২।	নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা	নিয়মিত ত্রৈমাসিক সভাসহ অন্যান্য সভা যথাসময়ে আহবান, বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৩।	ত্রৈমাসিক সভাসহ অন্যান্য সভার অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড বিষয়ে আলোচনা	ত্রৈমাসিক সভাসহ অন্যান্য সভার অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৪।	এপিএ'র যাবতীয় কার্যক্রম যথাসময়ে এবং যথাযথভাবে সততা ও নিষ্ঠার সহিত সম্পাদন করার বিষয়ে আলোচনা	এপিএ'র যাবতীয় কার্যক্রম যথাসময়ে এবং যথাযথভাবে সততা ও নিষ্ঠার সহিত সম্পাদনপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



১২-০৬-২০২৩

(ডাঃ প্রকাশ রঞ্জন বিশ্বাস)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

হবিগঞ্জ।